



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ অক্টোবর' ২০২৩

### ৪ ওয়ার্ডের জনগণের সাথে মতবিনিময় সভা করলেন মেয়র রেজাউল

প্রধানমন্ত্রী শেখ হাসিনার চট্টগ্রাম আগমন ও শারদীয় দুর্গোৎসব উপলক্ষে চারটি ওয়ার্ডের জনপ্রতিনিধি ও জনসাধারণের সাথে মতবিনিময় করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। শনিবার সন্ধায় নগরীর একটি রেস্টোরায় আয়োজিত সভায় ৩৮ নং দক্ষিণ মধ্যম হালিশহর, ৩৯ নং দক্ষিণ হালিশহর, ৪০ নং উত্তর পতেঙ্গা এবং ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডের প্রতিনিধিদ্বাৰা তাদের বক্তব্য তুলে ধরেন।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো.রেজাউল করিম চৌধুরী বলেন, শারদীয় দুর্গোৎসব পালনে কোন সমস্যা যাতে না হয় তার জন্য একাধিক সভা করে পদক্ষেপ গ্রহণের পাশাপাশি আমি নিজেও পূজামণ্ডপ পরিদর্শন করেছি। পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার চট্টগ্রাম আগমন যাতে সফল ও সুন্দরভাবে পরিচালিত হয় সেজন্যও দিন-রাত কাজ করছি। নান্দনিক চট্টগ্রাম গড়ার জন্য জনগণের সহায়তা চাই। সবাইকে নিয়ে এগিয়ে যেতে চাই স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে।

সভায় কাউন্সিলর আবদুল বারেকের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, গোলাম মোহাম্মদ চৌধুরী, জিয়াউল হক সুমন, আবদুল মাল্লান। এসময় আরো উপস্থিত ছিলেন ৩৯ নং ওয়ার্ড আওয়ামীলীগ হাজী আসলাম, ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগ সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, ৩৮ নং ওয়ার্ড আওয়ামীলীগ সভাপতি হাসান মুরাদ, পতেঙ্গা থানা ওয়ার্ড আওয়ামীলীগের আহ্বায়ক আবদুল হালিম, ইপিজেড থানা ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হাজী সুলতান নাসির উদ্দিন, ইপিজেড থানা আওয়ামী লীগের সাবেক আহ্বায়ক হারংন অর রশিদসহ ৩৮, ৩৯, ৪০, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগ এর নেতৃত্বন্দি।

#### ক্যাপশন নিউজ

দেশের প্রথম বঙ্গবন্ধুর ভার্টিক্যাল ম্যারাল ও বিমানবন্দর এলাকায় চলমান উন্নয়ন কার্যক্রম শনিবার রাতে পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী। কর্ণফুলী নদীর তীর ঘেঁষে চট্টগ্রাম বিমান বন্দরের প্রবেশ মুখের গোলচত্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে নবনির্মিত ৩৩ ফুট উচ্চতা এবং ১৭ ফুট প্রস্ত্রের এ ভাস্কুলার্টি নির্মাণ করা হয়েছে ৫৭টি ধাতব পাইপ দিয়ে। ভাস্কুলার্টি পাদদেশে স্থাপিত বিশেষায়িত ফাইবার দিয়ে তৈরি ২৪ ফুট লম্বা ও ৩২ ফুট ব্যাসের একটি গোলচত্তরের মাঝে থাকা সাম্পান্তি কর্ণফুলী নদীর ইতিহাস ঐতিহ্য ও সাংস্কৃতিক সৌন্দর্য তুলে ধরে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮